গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে (যুব সংক্রান্ত) সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মেজবাহ উদ্দিন<br>সচিব |
| সভার তারিখ | ২৮ মার্চ ২০২২ খ্রি. |
| সভার সময় | বেলা ১১.৩০ টা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ/ভার্চুয়াল |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সভাকক্ষে/ভার্চুয়ালি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি সরকারি কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও কর্মকৃতি (Performance) নিশ্চিত করার লক্ষ্যে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। সভায় মন্ত্রণালয়/অধিদপ্তর/মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০২। শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রম '২.১ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা' অনুযায়ী যুব উন্নয়ন অধিদপ্তর ও এর অধীনস্থ জেলা পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে সভা আহ্বানের বাধ্যবাধকতা রয়েছে। সভায় যুব উন্নয়ন অধিদপ্তর ও এর অধীনস্থ জেলা পর্যায়ে মন্ত্রণালয় কর্তৃক যে সকল সেবা প্রদান করা হয়, এর মধ্যে নিম্নবর্ণিত সেবার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়:

১. দেশের বিদ্যমান আইন মোতাবেক নিবন্ধনকৃত যুব সংগঠনকে যুব কল্যাণ তহবিল হতে অনুদান প্রদান।
২. দপ্তর/সংস্থায় প্রেষণে নিয়োগকৃত বিসিএস কর্মকর্তাদের বহিঃবাংলাদেশ ছুটি ও বিদেশ ভ্রমণের অনুমতি;
৩. যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের বহিঃবাংলাদেশ ছুটি ও বিদেশ ভ্রমণের অনুমতি;
৪. যুব উন্নয়ন অধিদপ্তরের ১ম শ্রেণির (নন-ক্যাডার) কর্মকর্তাদের বহি:বাংলাদেশ ছুটি মঞ্জুরি;
৫. যুব উন্নয়ন অধিদপ্তরের ১ম শ্রেণির (নন-ক্যাডার) কর্মকর্তাদের অর্জিত ছুটি মঞ্জুরি;
৬. যুব উন্নয়ন অধিদপ্তরের ১ম শ্রেণির (নন-ক্যাডার) কর্মকর্তাদের শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরি;
৭. যুব উন্নয়ন অধিদপ্তরের ১ম শ্রেণির (নন-ক্যাডার) কর্মকর্তাদের শিক্ষা মঞ্জুরি;
৮. যুব উন্নয়ন অধিদপ্তরের ১ম শ্রেণির কর্মকর্তাদের পেনশন মঞ্জুরি;
৯. যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ/বুনিয়াদি প্রশিক্ষণের অনুমতি প্রদান;
১০. যুব উন্নয়ন অধিদপ্তরের ১ম/২য় শ্রেণির কর্মকর্তাদের পদোন্নতি, উচ্চতর স্কেল প্রদা;
১১. যুব উন্নয়ন অধিদপ্তরের পদ সৃজন;
১২. যুব উন্নয়ন অধিদপ্তরের পদ সংরক্ষণ (সৃজনের ৪র্থ বছর হতে);
১৩. যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীগণের নিয়োগের ছাড়পত্র প্রদান;

০৩। যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক সভায় তাঁর মতামত উপস্থাপন করেন। এছাড়া, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, উপসচিব এবং যুব উন্নয়ন অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ সভায় তাঁদের মতামত পেশ করেন। মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সেবাসমূহের বিষয়ে সকলে সন্তোষ প্রকাশ করেন।

০৪। এ মন্ত্রণালয়ের সহায়তা কার্যক্রমের আওতাধীন যুব কল্যাণ তহবিল হতে অনুদান প্রাপ্ত 'রিয়েল ফেন্ডশীপ এসোসিয়েশন, গুলশান, ঢাকা' এর সভাপতি জনাব সাইফুর রহমান খোকন সভায় ভার্চুয়ালি অংশগ্রহণ করেন। সভায় তাকে অংশগ্রহণের সুযোগ দেয়ায় তিনি সচিব মহোদয়সহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সার্বিক কর্মকান্ডে তিনি সন্তোষ প্রকাশ করেন। সভায় গুরুত্বপূর্ণ মতামত প্রদানের জন্য সকলকে সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করেন।

০৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) সকল প্রকার প্রশিক্ষণ নিয়ে যুবরা যাতে পারিবারিকভাবে সফল হতে পারে সেভাবে প্রশিক্ষণ প্রদানে যত্নবান হতে হবে;
খ) যুবরা যারা ঋণের মাধ্যমে খামার করতে চান, তারা যেন কর্মসংস্থান ব্যাংক থেকে ন্যূনতম সময়ের মধ্যে ঋণ পেতে পারে এ বিষয়ে সহযোগিতা করতে হবে। এছাড়া, ঋণের অভাবে তাদের কার্যক্রম যেন বাধাগ্রস্থ না হয় সেদিকে দৃষ্টি রাখতে হবে;
গ) উর্ধ্বতন অফিস কর্তৃক প্রদত্ত সেবাসমূহের বিষয়ে কোন মতামত থাকলে লিখিতভাবে সুনির্দিষ্ট প্রস্তাব প্রেরণ করতে হবে; এবং
ঘ) অধিদপ্তর কর্তৃক সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে।


০৬। সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মেজবাহ উদ্দিন
সচিব

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৫.০৫.০১০.২১.১০৪

তারিখ: ১৬ চৈত্র ১৪২৮
৩০ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২) অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৩) যুগ্মসচিব, যুব অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৪) যুগ্মসচিব (প্রশাসন) ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৫) উপসচিব (ক্রীড়া) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৬) উপসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৭) উপসচিব (যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৮) সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯) সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)
১০) জনাব সাইফুর রহমান খোকন, সভাপতি, রিয়েল ফেন্ডশীপ এসোসিয়েশন, গুলশান, ঢাকা।



এস. এম. হুমায়ুন কবির
সহকারী সচিব (এপিএ সংক্রান্ত)